



सत्यमेव जयते

Sudip Roy Barman
MINISTER

Government of Tripura
Department of Health & FW,
Science, Tech. & Environment,
I&C (IT), PWD (DWS)
☎: 0381-241-4047
☎: +91 9436123541
✉: sudip.roybarman@gmail.com

D.O. No..... Date.....

**বিশ্ব হেপাটাইটিস দিবস উপলক্ষে
মাননীয় স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রীর আবেদন**

২৮ জুলাই ২০১৮ বিশ্ব হেপাটাইটিস দিবস। সারা বিশ্বে হেপাটাইটিস বি এবং সি প্রধান স্বাস্থ্য চ্যালেঞ্জ। সারা বিশ্বে প্রায় ৩২.৫ কোটি মানুষ হেপাটাইটিসে আক্রান্ত। লিভার ক্যান্সারের জন্য মূল দায়ি কারণ হেপাটাইটিস। তার ফলে প্রতি বছর আনুমানিক ১.৩৪ কোটি মানুষের মৃত্যু হয়। হেপাটাইটিস বি ও সি মূলত লিভার বা যকৃতকে ক্ষতিগ্রস্ত করে। মূলত সংক্রমিত রক্তের মাধ্যমে, অসুরক্ষিত যৌন সম্পর্কের মাধ্যমে, অপরিশোধিত সিরিঞ্জ ব্যবহারের মাধ্যমে এবং প্রসূতি থেকে গর্ভজাত শিশুর মধ্যে হেপাটাইটিস ছড়ায়। কিন্তু আলিঙ্গন, করমর্দন, খাবার প্রস্তুতকরণ ইত্যাদির মাধ্যমে এই ভাইরাস ছড়ায় না। হেপাটাইটিস সংক্রমিত ব্যক্তির প্রধান লক্ষণ ক্লান্তি ও অবসন্নতা, জন্ডিস, জ্বর, পেশী ও অস্থিসন্ধিতে যন্ত্রণা, খাওয়ার অরুচি, বমিভাব ইত্যাদি। এসব ক্ষেত্রে চিকিৎসকের পরামর্শ অবশ্যই নিতে হবে। হেপাটাইটিস এর প্রতিষেধক টীকা জন্মের ২৪ ঘণ্টার মধ্যে অবশ্যই নিতে হবে। এরপর পেন্টাভ্যালেন্টের সঙ্গে ৬ সপ্তাহে, ১০ সপ্তাহে ও ১৪ সপ্তাহে তিনটি ডোজ হেপাটাইটিস বি টীকাকরণ অবশ্যই করতে হবে। আমি আপামর জনসাধারণকে এ বিষয়ে জনসচেতনতা সৃষ্টির কাজে সহযোগিতার হাত বাড়িয়ে দিতে আবেদন জানাচ্ছি।

সুদীপ রায় বর্মান
(সুদীপ রায় বর্মান)

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রী,
ত্রিপুরা সরকার